

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd


নং-১০.০০.০০০০.১২৬.২৬.১৯৮.১৯-২২৯

তারিখ- ৩০/০১/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ আইন ও বিচার বিভাগের আওতাধীন বিভিন্ন জেলা জজ আদালত/ বিশেষ জজ আদালত/ বিভাগীয় বিশেষ জজ আদালত/ দ্রুত বিচার ট্রাইব্যুনাল/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসমূহের একেজো ঘোষিত গাড়ী নিলামে বিক্রি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগের গত ১৭/১২/২০১৯ তারিখের ১০.০০.০০০০.১২৬.২৬.১৯৮.১৯-২০৭৯/১ নং স্মারকে বিভিন্ন জেলা জজ আদালত/ বিশেষ জজ আদালত/ বিভাগীয় বিশেষ জজ আদালত/ দ্রুত বিচার ট্রাইব্যুনাল/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসমূহের একেজো ঘোষিত কার ও মাইক্রোবাস প্রকাশ্যে নিলামে বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে জমা দিয়ে চালানোর কপি প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্র প্রেরণের পরেও এখন পর্যন্ত অনেক আদালত/ট্রাইব্যুনাল হতে চালানোর কপি প্রেরণ করা হয়নি। চালানোর কপি প্রেরণ না করার ফলে গাড়ী ক্রয়ের প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে।

এমতাবস্থায়, আগামী ১৫/০২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে একেজো ঘোষিত কার ও মাইক্রোবাসের চালানোর কপি এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে চালানোর কপি পাওয়া না গেলে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে উক্ত একেজো ঘোষিত গাড়ী প্রতিস্থাপন করা সম্ভব হবে না।


(ওয়াসিম শেখ) ৩০/০১/২০২০
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০০০৯ (অঃ)।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :-

- ১। জেলা জজ আদালত, শেরপুর/মেহেরপুর/ পিরোজপুর/ নড়াইল/ লক্ষ্মীপুর/ সিলেট/ চট্টগ্রাম/ খাগড়াছড়ি/ ব্রাহ্মণবাড়ীয়া/ রাজশাহী/ নারায়ণগঞ্জ/ কুড়িগ্রাম।
- ২। দ্রুত বিচার ট্রাইব্যুনাল, খুলনা।
- ৩। জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, সিলেট।
- ৪। বিশেষ জজ আদালত, পটুয়াখালী/ রংপুর/ ময়মনসিংহ।
- ৫। বিভাগীয় বিশেষ জজ আদালত, সিলেট।
- ৬। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ঢাকা-৪/ নরসিংদী।
- ৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া/ কুমিল্লা/ নরসিংদী/ বরগুনা/ শেরপুর।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। গার্ড ফাইল।